

আলোক-চোরা লুকিয়ে এল ওই -
তিমিরজয়ী বীর, তোরা আজ কই ।
এই কুয়াশা-জয়ের দীক্ষা কাহার কাছে লই ॥
মলিন হল শুভ্র বরন, অরুণ-সোনা করল হরণ,
লজ্জা পেয়ে নীরব হল উষা জ্যোতির্ময়ী ॥
সুপ্তিসাগরতীর বেয়ে সে এসেছে মুখ ঢেকে,
অঙ্গে কালি মেখে ।
রবির রশ্মি কই গো তোরা, কোথায় আঁধার-ছেদন ছোরা,
উদয়শৈলশৃঙ্গ হতে বন্ 'মাইভেঃ মাইভেঃ' ॥

Parjaay: Bichitro, Taal: Sasthi, Raag: Bhairavi

Visit www.geetabitan.com for notation and other detail